GARHBETA COLLEGE LIBRARY
Estd.-1948

Total Pages : 3

B.A./3rd Sem/BNG/25(NEP)

## 2025

## 3rd Semester Examination (CCFUP : NEP)

## BENGALI

### Paper : MJ 3-T (Single Core Major)

### [প্রাচীন ও মধ্যযুগের পদপাঠ]

Full Marks : 60

Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### বিভাগ - ক

যে-কোনো ***পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

১। "চঞ্চল চীএ পইঠো কাল।" — পদটি কোন্ রাগে লেখা? উদ্ধৃত পংক্তিটির অন্তর্নিহিত গূঢ়ার্থ লেখো। ১+১

২। "ধামার্থে চাটিল সাঙ্কম গঢ়ই।" — পদকার কে? "ধামার্থে চাটিল সাঙ্কম গঢ়ই" — বলতে পদকার কী বোঝাতে চেয়েছেন? ১+১

৩। "নগর বাহিরি রে ডোম্বি তোহোরি কুড়িআ।" — কত সংখ্যক পদ? পদটি কোন্ রাগে লেখা? ১+১

৪। "পাঞ্চ কেড়ুআল পড় পড়ন্তেঁ মাঙ্গে পিঠত কাচ্ ছী বান্ধী।" পদটির পদকার কে? 'পাঞ্চ কেড়ুআল' কী? ১+১

P.T.O.

Estd.-1948

৫। "হিয়ার পরশ লাগি হিয়া মোর কান্দে।
পরান পিরীতি লাগি থির নাহি বান্ধে।।" — এই পংক্তিগুলির মধ্যে কার কী ধরনের ব্যাকুলতা প্রকাশ পেয়েছে? ১+১

৬। "গাগরি বারি ঢারি করি পীছল
চলতহি অঙ্গুলি চাপি।"

— পদটি কোন্ পর্যায়ের পদ? পদকার কে? উদ্দিষ্ট ব্যক্তির এরূপ অভিপ্রায়ের কারণ কী? $\frac{১}{২}+\frac{১}{২}+১$

৭। 'একে সতীনের জ্বালা, না সহে অবলা, যাতনা প্রাণে কত সয়েছে।' — কার লেখা, কোন্ পর্যায়ের পদ? সতীনের নাম কী? $\frac{১}{২}+\frac{১}{২}+১$

৮। 'প্রভাতে চকোরী যেমন, নিরাশা সুধার' — কোন্ কথার অনুষঙ্গে পদকার এ কথা বলেছেন? ২

## বিভাগ - খ

যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

৯। "ভবনই গহন গম্ভীর বেঁগে বাহী" — কত সংখ্যক পদ? পদটির অন্তর্নিহিত গূঢ়ার্থ সংক্ষেপে ব্যাখ্যা করো। ১+৪

১০। 'কা আ তরুবব পঞ্চ বি ডাল' — পদটির গূঢ়ার্থ সংক্ষেপে বিশ্লেষণ করো।

১১। 'এ সখি হামারি দুখের নাহি ওর' — পদটিতে রাধার বিরহার্তির যে ঊর্ধ্বায়ণ (sublimation) ঘটেছে তার পরিচয় দাও।

১২। 'আজু রজনী হাম ভাগে পোহায়লুঁ' — পদটি অবলম্বনে রাধার কৃষ্ণপ্রেমের স্বরূপ সংক্ষেপে বিশ্লেষণ করো।

১৩। "ওহে প্রাণনাথ গিরিবর হে, ভয়ে তনু কাঁপিছে আমার" — পদটির কাব্যসৌন্দর্য সংক্ষেপে বিশ্লেষণ করো।

১৪। "যদি এসে মৃত্যুঞ্জয়, উমা নেবার কথা কয়, মায়ে ঝিয়ে করব ঝগড়া, (তারে) জামাই বলে মানব না।।" — এখানে বক্তা কে? মৃত্যুঞ্জয় ও উমার পরিচয় দাও। ১+৪

## বিভাগ - গ

যে-কোনো ***তিনটি*** প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

১৫। চর্যাপদের ৭ সংখ্যক পদটির বাচ্যার্থ ও গূঢ়ার্থ ব্যাখ্যা করো।

১৬। 'রূপ লাগি আঁখি ঝুরে' — পদটিতে পদকর্তার রোমান্টিকতার যে প্রকাশ ঘটেছে তার পরিচয় দাও।

১৭। অভিসার কাকে বলে? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তোমার পঠিত পদ অবলম্বনে এই পর্যায়ের পদে কবির প্রতিভার মূল্যায়ন করো। ১+১+৮

১৮। শাক্তপদাবলীর অন্তর্গত 'বিজয়া' পর্যায়ের পদে কমলাকান্ত বাঙালি ঘরের যে ছবি ফুটিয়ে তুলেছেন তার যথাযথ বর্ণনা দাও।

১৯। "শাক্তকবিরা ছিলেন মাতৃহৃদয়ের সুনিপুণ শিল্পী" — তোমার পঠিত পদ অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।

---